

# স্বর্ণপদক পাচ্ছেন রাবির ১০৩ শিক্ষার্থী

২০ জানুয়ারি ২০২৩ ১১:২৬ এএম

আপডেট: ২০ জানুয়ারি ২০২৩ ১১:২৬ এএম

1  
Shares



রাজশাহী বিশ্ববিদ্যালয়। পুরোনো ছবি

advertisement

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) বিভিন্ন বিভাগের ১০৩ জন কৃতি শিক্ষার্থীকে এ বছর স্বর্ণপদক প্রদান করা হবে। আগামী ৩০ জানুয়ারি ১৭ কোটি টাকা ব্যয়ে নবআধুনিকায়িত কাজী নজরুল ইসলাম মিলনায়তনের উদ্বোধনী অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীদের হাতে এই পদক তুলে দেওয়া হবে। পদক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

আজ শুক্রবার তথ্যটি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক প্রদীপ কুমার পাণ্ডে।

advertisement

অধ্যাপক প্রদীপ কুমার পাণ্ডে জানান, বিভিন্ন বিভাগে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে প্রথম শ্রেণিসহ প্রথম স্থান অর্জনকারী কৃতি শিক্ষার্থীদের মধ্যে চারুকলা, প্রকৌশল, বিজনেস স্টাডিজ, বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, আইন, জীব ও ভূ-বিজ্ঞান, কৃষি এবং কলা অনুষদের ৯৬ জনকে ‘বঙ্গবন্ধু স্বর্ণপদক’, অগ্রণী ব্যাংক’, দর্শন বিভাগের পাঁচজন শিক্ষার্থীকে ‘ড. মমতাজ উদ্দিন আহমদ স্বর্ণপদক’, চিকিৎসা অনুষদের দুজন শিক্ষার্থীকে ‘ডা. এ.কে খান স্বর্ণপদক’ প্রদান করা হবে।

advertisement 4

তিনি আরও জানান, স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। রাবি উপাচার্য অধ্যাপক গোলাম সাব্বির সান্তারের সভাপতিত্বে এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাবি উপ-উপাচার্য অধ্যাপক সুলতান-উল- ইসলাম ও অধ্যাপক হুমায়ুন কবীর এবং কোষাধ্যক্ষ অধ্যাপক আবায়দুর রহমান প্রামাণিক।

এ ছাড়া সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অগ্রণী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মুরশেদুল কবীর। পুরস্কার প্রদানকালে স্বর্ণপদকপ্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের অভিভাবকরাও উপস্থিত থাকবেন।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক সুলতান-উল-ইসলাম বলেন, স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানের দিনই ১৭ কোটি টাকা ব্যয়ে আধুনিকায়ন করা কাজী নজরুল ইসলাম অডিটোরিয়াম উদ্বোধন করবেন শিক্ষামন্ত্রী।

1  
Shares